

ডিওএস সার্কুলার নং-০১

তারিখ : ১৫-০৯-১৪১১ বাং  
২৯-১২-২০০৮ ইং

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী।

প্রিয় মহোদয়,

## ঋণ অবলোপন (Write-off) এর নীতিমালা।

উপর্যুক্ত বিষয়ে ১৩/০১/২০০৩ তারিখের বিআরপিডি সার্কুলার নং-০২ এর ৩ নং অনুচ্ছেদের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত অনুচ্ছেদে নির্বাচিত অবলোপনযোগ্য ঋণ অবলোপনের পূর্বে অবশ্যই আদালতে মামলা দায়ের করার শর্ত আরোপ করা হয়েছিল। এক্ষেত্রে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, এরূপ ক্ষেত্রে কেস টু কেস ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ সাপেক্ষে আদালতে মামলা দায়ের এর পূর্বেও ঋণ অবলোপন করা যাবে। তবে মামলা দায়ের এর প্রস্তুতিমূলক ব্যবস্থা যথা- পত্রিকায় নিলাম বিজ্ঞপ্তি প্রকাশ ইত্যাদি অবশ্যই অবলম্বিত হতে হবে।

০৩। পূর্বানুমোদন গ্রহণের নিমিত্তে সংযুক্ত ছকে, গ্রাহকের নাম, ঠিকানা, প্রতিষ্ঠানের ধরন, মালিকানা সংক্রান্ত তথ্য; ঋণের বিবরণী; ঋণ অনুমোদনের তারিখ; গৃহীত জামানত; ঋণ শ্রেণীবিন্যাসের অবস্থা; শ্রেণীকরণের তারিখ; সংরক্ষিত প্রতিশানের পরিমাণ; নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ; মামলা দায়েরে বিলম্ব করার কারণ ইত্যাদি তথ্য এবং এতদসংক্রান্ত কাগজপত্রের কপিসহ আবেদনপত্র অত্র কার্যালয়ে প্রেরণ করতে হবে।

০৪। ঋণ অবলোপনের পর অবলোপনকৃত ঋণ আদায়ের জন্য আদালতে দ্রুত মামলা দায়েরসহ এতদসংশ্লিষ্ট বিআরপিডি সার্কুলারের অন্যান্য নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তি : ১ (এক)

(মোহাম্মদ মোস্তফা)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৩৭৬

.....Bank

Head Office

Dhaka.

**PARTICULARS OF LOAN PROPOSED FOR WRITE-OFF  
PRIOR TO FILING OF SUITS IN TERMS OF DOS CIRCULAR  
NO. 01 DATED 29-12-2004 OF BANGLADESH BANK.**

1. Name & address of the borrower :
2. Nature of ownership :
3. Name(s) of proprietor/partners/directors who are also director(s) of any other Banking Co/Insurance Co/Investment Co/ NBFBI :
4. Nature of loan sanctioned :
5. Date of sanction :
6. Sanctioning authority :
7. Details of security held :
8. Status of classification :
9. Amount classified and date of classification :
10. Amount available in Sundry Deposit A/c, if any :
11. Amount available in Interest Suspense A/c :
12. Amount of provision held against the A/c :
13. Amount proposed to be written-off :
14. Date of publication of tender notice for sale of mortgaged property, if any :
15. Reasons for delay in filing the suits :
16. Authority approved the write-off (copy of board resolution enclosed) :

**Counter Signature of CEO/Head of Credit.**

**Signature with Name  
&  
Capacity of the Officer**